হোম থেকে উধাও ৩ মহিলা, অপহরণ?

আজকালের প্রতিবেদন

পার্ক স্ট্রিটের একটি হোমের নিরাপত্তা ও নজরদারি নিয়ে চরম শোরগোল। সেই হোম থেকে নিখোঁজ হয়ে গিয়েছেন এক বাংলাদেশি নাগরিক–সহ তিন মহিলা। দীর্ঘ অনুসন্ধান চালিয়েও তাঁদের কোনও হদিশ পাননি হোম কর্তৃপক্ষ। ঘটনার প্রায় তিন সপ্তাহ পর পার্ক স্ট্রিট থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন তাঁরা। কর্তৃপক্ষের দাবি, অসহায়তার সুযোগ নিয়ে কোনও চক্রান্তকারী বা অপরাধী চক্র তিন মহিলাকে অপহরণ করে লুকিয়ে রেখেছে। তবে নিখোঁজ হওয়ার এতদিন পর কেন পুলিশকে বিষয়টি জানানো হল, তা নিয়ে প্রশ্ন ওঠার পাশাপাশি, এই ঘটনায় হোম কর্তৃপক্ষের গাফিলতি বা ভূমিকাও খতিয়ে দেখছে পুলিশ।

পুলিশ সূত্রে খবর, উধাও হওয়া মহিলাদের মধ্যে ৩১ বছর বয়সি রুনা বেগম বাংলাদেশের ঢাকার গুলশন মডেল টাউনের বাসিন্দা। কয়েক মাস আগে উদ্ধার করার পর পুলিশ তাঁকে এই হোমে স্থানান্তরিত করেছিল। দ্বিতীয়জন হলেন ৩৯ বছর বয়সি মূক–বধির সুচিত্রা, যিনি দীর্ঘ দিন ধরে ওই হোমে ছিলেন। এছাড়া ১৯ বছর বয়সি মনীষা কুমারী বিহারের ভোজপুরের বাসিন্দা। তাঁকেও নিরাপদ আশ্রয়ের তাগিদেই উদ্ধার করে হোমে রাখা হয়েছিল। তদন্তে নেমে এলাকার এবং হোমের সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখেছেন গোয়েন্দারা। দেখা গিয়েছে, তিন সপ্তাহ আগে রাত দুটো থেকে আড়াইটের মধ্যে তিন মহিলা মুখ ঢেকে চাবি দিয়ে হোমের দরজার তালা খুলে বেরিয়ে যাচ্ছেন। পরদিন সকালে বিষয়টি হোম কর্তৃপক্ষের নজরে আসে এবং চারদিকে খোঁজ শুরু হয়। গোয়েন্দাদের অনুমান, তিনজন একসঙ্গেই এই পালানোর চক্রান্ত করেছিলেন। নিখোঁজ বাংলাদেশি যুবতীর অবৈধ উপায়ে সীমান্ত পেরিয়ে নিজের দেশে ফিরে যাওয়ার সম্ভাবনাও পুরোপুরি উড়িয়ে দেওয়া হচ্ছে না। সামগ্রিক ঘটনাটি গুরুত্ব দিয়ে দেখার পাশাপাশি, সিসিটিভি ফুটেজ ও পারিপার্শ্বিক প্রমাণের ভিত্তিতে পূর্ণাঙ্গ তদন্ত চালাচ্ছে পার্ক স্ট্রিট থানার পুলিশ।

ভাঙড় থেকে জঙ্গি সন্দেহে ধৃত ২ যুবক

আজকালের প্রতিবেদন

ভাঙড় থেকে রাজ্য পুলিশের এসটিএফ জালে জঙ্গি সন্দেহে ধরা পড়ল দুই যুবক। একজনের নাম জিন্নাতুল কিবরিয়া, ওরফে জান্নাতুল বেগ ওরফে টুটুল। ভাঙড়ের পানাপুকুর এলাকার একটি ভাড়ার বাড়ি থেকে তাকে গ্রেপ্তার করা হয়। অন্য দিকে, সফিক শেখ নামে আর এক যুবককে গ্রেপ্তার করা হয় নোদাখালি থেকে। এসটিএফের দাবি, এরা ফেসবুকে 'মুঘলে আজম' এবং 'জিহাদ–ই সবিবুল্লাহ' নামে দুটি অ্যাকাউন্ট খুলে ভারত বিরোধী প্রচার চালাচ্ছিল। অভিযোগ, এরা আল কায়দা ইন দি ইন্ডিয়ান সাব–কন্টিনেন্ট (আকিস) নামে একটি গোষ্ঠীর সঙ্গে যুক্ত। সফিক এবং টুটুল রাজ্যে একটি নির্দিষ্ট জঙ্গি গোষ্ঠীর মতাদর্শ প্রচারের কাজ চালিয়ে যেত। ধৃত টুটুলের প্রতিবেশীরা পুলিশকে জানিয়েছেন, দীর্ঘদিন ঘর ভাড়ায় নিয়ে সে একাই থাকত। ঘরের ভেতর নানা ধরনের কাজে ব্যস্ত থাকত। মাঝে মাঝে কিছু লোক তার সঙ্গে দেখা করতে আসত। কিন্তু তার পেশা কী ছিল, তা এলাকার কেউই জানত না। অন্যদিকে, সফিক মাঝেমধ্যেই বিভিন্ন অনুষ্ঠানে যেত। সেখানে তার কী ভূমিকা ছিল, তা দেখছে পুলিশ। দু'জনের মোবাইল এবং অন্যান্য সূত্র থেকে জঙ্গি যোগ বিষয়টি তদন্ত করা হচ্ছে।

চর সন্দেহে তপসিয়ায় গ্রেপ্তার রানার সহযোগী

আজকালের প্রতিবেদন

তপসিয়া থেকে জঙ্গি–যোগ সন্দেহে এবার গ্রেপ্তার হল ইমরান হোসেন নামে এক যুবক। রাজ্য পুলিশের স্পেশ্যাল টাস্ক ফোর্স তাকে গ্রেপ্তার করেছে। কিছুদিন আগেই পাক গুপ্তচরবৃত্তির অভিযোগে গ্রেপ্তার করা হয়েছিল আইএসআই এজেন্ট রানা রউফকে। ধৃত ইমরান তারই সহযোগী বলে দাবি স্পেশ্যাল টাস্ক ফোর্সের। পাক নাগরিক রানা রউফ কাঠমান্ডু থেকে কলকাতায় এসেছিল। ভারতীয় নথি তৈরিতে তাকে সাহায্য করেছিল এই ইমরান হোসেন। ১২ আগস্ট উত্তর ২৪ পরগনার হাবড়া থেকে রানাকে ধরা হয়। অভিযোগ, রানাকে কলকাতার বাসিন্দা প্রমাণের জন্য ইজাজ আলি নামে এক ব্যক্তি সাহায্য করেছিল। রানাকে গ্রেপ্তারের পরেই ইজাজকে গ্রেপ্তার করা হয়। দু'জনকে জেরা করে ইমরানের নাম আসে। এরা জঙ্গিদের স্লিপার সেল তৈরির কাজে সহায়তা করছিল কিনা, তা দেখছে পুলিশ। এসটিএফ সূত্রের খবর, রানার ভারতীয় পাসপোর্ট তৈরির পেছনে নথি বানিয়েছিল ইমরান। তার সঙ্গে আরও কয়েকজন যুক্ত। ভারতীয় সেনাবাহিনী এবং রেল সংক্রান্ত নানা তথ্য পাঠানো হত দেশের বাইরে, এমনই অভিযোগ। রানার কাছ থেকে উদ্ধার হয়েছে পাকিস্তানের পাসপোর্টও। ঢাকা থেকে সে করাচি পালানোর ছক করেছিল। পাসপোর্ট নম্বরের সূত্র ধরেই তদন্ত শুরু করে এসটিএফ। তপসিয়ার ইমরান হোসেনকে সোমবার বারাসত আদালতে হাজির করানো হয়। পুলিশ বলছে, রানার ডায়েরিতে নেপাল, পাকিস্তান, বাংলাদেশ ও শ্রীলঙ্কার বেশ কিছু ফোন নম্বর পাওয়া গেছে।

এসআইআরে মায়ের নাম বাদ পড়লেও ছেলের যোগ্যতা নির্ধারণ করা যাবে না: হাইকোর্ট

'নিট ইউজি ২০২৬'–এ উত্তীর্ণ এক পরীক্ষার্থীর ইডব্লিউএস (আর্থিক ভাবে পিছিয়ে থাকা) সার্টিফিকেটের আবেদন জরুরি ভিত্তিতে বিবেচনার নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট। সোমবার বিচারপতি কৃষ্ণা রাও জানান, নামের অসঙ্গতির কারণে ভোটার তালিকা থেকে মায়ের নাম বাদ পড়লেও তা ছেলের যোগ্যতা নির্ধারণে বিবেচ্য নয়। নিট ইউজি পরীক্ষার্থী প্রিয়াংশু মুখার্জি এমবিবিএস কাউন্সেলিংয়ের জন্য ইডব্লিউএস সার্টিফিকেট চেয়ে মামলা করেন। ১৮ আগস্ট নথি যাচাই থাকায় এদিন মামলাটির জরুরি শুনানি করে আদালত। প্রিয়াংশু মুখার্জি নিট–এ ৭২০–র মধ্যে ৪৭১ পেয়ে অল ইন্ডিয়া র‍্যাঙ্ক ১,৩২,৩০৪ এবং ইডব্লিউএস র‍্যাঙ্ক ১৬,৪০১ করেছেন। পরীক্ষার্থীর বাবা প্রসন্ন মুখার্জি ২০০৮–এ মারা যান। মায়ের নাম বিয়ের আগে ছিল কাকলি। পরে রেখা হওয়ায় এসআইআরে তাঁর নাম বাদ যায়। তবে এবারের ভোটার লিস্টে প্রিয়াংশুর নাম আছে এবং তিনি এপ্রিলে বিধানসভা ভোটও দিয়েছেন। আদালত উত্তর ২৪ পরগনার অতিরিক্ত জেলাশাসককে সোমবার বিকেল ৫টার মধ্যে সিদ্ধান্ত নিতে বলেছে। যোগ্য হলে সার্টিফিকেট দিতে হবে, না হলে কারণ জানাতে হবে। আদালত স্পষ্ট করে, মায়ের নাম বাদ যাওয়ার বিষয় দিয়ে পরীক্ষার্থীর বিষয় বিবেচনা করা যাবে না। মামলার পরবর্তী শুনানি ১৬ সেপ্টেম্বর।

দিলীপ মণ্ডলের আবেদন খারিজ

তৃণমূল বিধায়ক দিলীপ মণ্ডলের বিরুদ্ধে দায়ের হওয়া একাধিক এফআইআরের দ্রুত শুনানির আবেদন খারিজ করল কলকাতা হাইকোর্ট। বিচারপতি সৌগত ভট্টাচার্যের বেঞ্চ সোমবার দ্রুত শুনানির আবেদন খারিজ করলেন। দক্ষিণ ২৪ পরগনার বিষ্ণুপুরের বিধায়ক দিলীপ মণ্ডলকে গত মে মাসে গ্রেপ্তার করে পুলিশ। একাধিক অভিযোগে জামিন অযোগ্য ধারায় মামলা রুজু হয়। চার এফআইআরকে চ্যালেঞ্জ করে হাইকোর্টে যান দিলীপ মণ্ডল। মামলা বিচারাধীন।

Chola
Enter a better life

চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিনান্স কোম্পানি লিমিটেড
কর্পোরেট অফিস : চোলা ক্রেস্ট, সুপার বি, সি৫৪ ও সি৫৫, ৪, থিরু–ভি–ক, ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, গিণ্ডি, চেন্নাই–৬০০০৩২

পরিশিষ্ট IV [রুল ৮(১) দ্রষ্টব্য] দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু, **মেসার্স চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিনান্স কোম্পানি লিমিটেড**–এর অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (নং ৫৪/২০০২)–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে উক্ত অ্যাক্টের ১৩(২) ধারাধীনে এখানে নীচে লেখা তারিখ সংবলিত দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উক্ত নোটিসে দাবিকৃত অর্থাঙ্ক ও এর ওপর সুদ আদায় দেওয়ার জন্য ঋণগ্রহীতা রূপে আপনাদের (নাম ও ঠিকানা এখানে নীচে উল্লেখ করা হয়েছে) প্রতি আহ্বান জানানো হয়েছিল। এখানে নীচে উল্লিখিত ঋণগ্রহীতাগণ উক্ত দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত ওই ঋণগ্রহীতাগণের প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল নং ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৪) নং উপধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নিম্নবর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন। এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণকে নিম্নোক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও ধরনের লেনদেন নীচে উল্লিখিত অর্থাঙ্ক ও তদুপরি সুদ সমেত **মেসার্স চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিনান্স কোম্পানি লিমিটেড**–এর প্রতি দায় সাপেক্ষ হবে। সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা বিষয়ে উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতাদের মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

ক্রম নং	লোন অ্যাকাউন্ট নম্বর এবং ঋণগ্রহীতা/ সহ–ঋণগ্রহীতার নাম ও ঠিকানা	দাবি বিজ্ঞপ্তির তারিখ	অনাদায়ী বকেয়া	স্থাবর সম্পত্তির বিবরণ	দখলের তারিখ
১	**লোন অ্যাকাউন্ট নম্বর: LAP3BDW000088914** **মিঃ/মিসেস বিষ্ণুপদ মণ্ডল** **মিঃ/মিসেস অনিতা মণ্ডল** উভয়ের নিবাস: মোস্তালা, বোলপুর, বিদ্যাসাগর শিশু নিকেতন, বীরভূম, পশ্চিমবঙ্গ–৭৩১২৪০ **উভয়ের বিকল্প নিবাস:** প্লট নং ৫৯৮/২৮০১, জে এল নং ১৬৬, খতিয়ান নং ১০৮৯, মৌজা মোস্তালা, পোঃ গিদহ, থানা বোলপুর, ব্লক–বোলপুর, মোস্তাফা বোলপুর, বীরভূম, পশ্চিমবঙ্গ–৭৩১২৪০	০৬.০৩.২০২৬	**₹২০,৪০,৩৮৬/– (কুড়ি লক্ষ চল্লিশ হাজার তিনশো ছিয়াশি টাকা মাত্র),** ০৬.০৩.২০২৬ **অনুযায়ী** এবং তার উপর সুদ	জে এল নং ১৬৬, খতিয়ান নং ১০৮৯, প্লট নং ৫৯৮/২৮০১, মৌজা মোস্তালা, পোঃ গিদহ, থানা বোলপুর, ব্লক বোলপুর, মোস্তাফা, বোলপুর, বীরভূম, ৭৩১২৪০, পশ্চিমবঙ্গ। **চৌহদ্দি:** প্ল্যান/দলিল অনুসারে: **পূর্ব**–সুধীর সরকারের বাড়ি; **পশ্চিম**–গণেশ মণ্ডলের দোকান; **দক্ষিণ**–আসগর শেখের জমি; **উত্তর**–রাস্তা। **মূল সাইট অনুসারে: পূর্ব**–সুধীর সরকারের বাড়ি; **পশ্চিম**–গণেশ মণ্ডলের দোকান; **দক্ষিণ**–আসগর শেখের ফাঁকা জমি; **উত্তর**–১০ ফুট চওড়া রাস্তা।	১২.০৮.২০২৬

তারিখ: ১২.০৮.২০২৬
স্থান: বীরভূম
অনুমোদিত আধিকারিক
চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিনান্স কোম্পানি লিমিটেড

ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

এডেলওয়েইস অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি লিমিটেড
CIN: U67100MH2007PLC174759
রিটেল সেন্ট্রাল এবং রেজিস্টার্ড অফিস: এডেলওয়েইস হাউস, সিএসটি রোডের ওপর, কলিনা, মুম্বই–৪০০০৯৮

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ ('রুলস')–এর রুল ৮(৬) এবং ৯(১)–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে সুরক্ষিত স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

যেহেতু **এইচডিবি ফিনান্সিয়াল সার্ভিসেস লিমিটেড** (এরপরে এইচডিবি হিসেবে উল্লেখিত) (এরপরে "আসল ঋণদাতা/ এইচডিবি" হিসেবে উল্লেখিত), সারফায়েসি অ্যাক্ট ২০০২–এর ধারা ৫–এর অধীনে ১৭ ফেব্রুয়ারী, ২০২১ তারিখের অ্যাসাইনমেন্ট চুক্তি অনুযায়ী ইএআরসি ট্রাস্ট এসসি ৪১০–এর ট্রাস্টি হিসেবে নিজের ক্ষমতায় কাজ করা এডেলওয়েইস অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি লিমিটেড (এরপরে "ইএআরসি" হিসেবে উল্লেখিত)–কে আর্থিক সম্পত্তিগুলি অর্পণ করেছে। ইএআরসি এইচডিবি–এর স্থলাভিষিক্ত হয়েছে এবং ঋণগ্রহীতা(গণ) দ্বারা নেওয়া আর্থিক সহায়তার ক্ষেত্রে অন্তর্নিহিত সিকিউরিটি ইন্টারেস্ট, গ্যারান্টি, বন্ধক সহ আর্থিক সম্পত্তি সম্পর্কিত এইচডিবি–এর সমস্ত অধিকার, স্বত্ব এবং স্বার্থ ইএআরসি–এর উপর ন্যস্ত হয়েছে এবং ইএআরসি সুরক্ষিত পাওনাদার হিসাবে তার সমস্ত অধিকার প্রয়োগ করে।
এতদ্বারা সাধারণ জনগণ এবং বিশেষ করে ঋণগ্রহীতা(দের), সহ–ঋণগ্রহীতা(গণ) এবং জামিনদার(গণ)–এর ১৫ দিনের নোটিস দেওয়া হচ্ছে যে, সুরক্ষিত পাওনাদারের পক্ষে বন্ধক রাখা নীচে বর্ণিত স্থাবর সুরক্ষিত সম্পত্তিগুলি, যার বাস্তবিক দখল অনুমোদিত আধিকারিক দ্বারা নেওয়া হয়েছে, তা ইএআরসি–এর নিচে উল্লেখিত বকেয়া পরিমাণ এবং তার সাথে পরবর্তী সুদ ও অন্যান্য খরচ/ব্যয়, যা ঋণগ্রহীতা(গণ)/ সহ–ঋণগ্রহীতাগণ এবং জামিনদার(গণ)–এর থেকে ইএআরসি দ্বারা প্রাপ্ত যে কোনো অর্থের জন্য বাদ দেওয়া হবে, **তা আদায়ের জন্য "যেমন আছে যেখানে আছে", "যেমন আছে যা আছে", এবং "যাই থাক না কেন"** ভিত্তিতে বিক্রি করা হবে।
সম্পত্তির জন্য সংরক্ষণ মূল্য এবং আর্নেস্ট মানি ডিপোজিট নিচে উল্লেখ করা হলো। ১২.০৮.২০২৬ তারিখের নিলাম বিজ্ঞপ্তি যার রেফারেন্স নং EdelARC/Retail/2745/2025-26, সংরক্ষণ মূল্যে একটি টাইপোগ্রাফিক্যাল ত্রুটির কারণে তাৎক্ষণিক প্রভাব সহ প্রত্যাহার করা হলো। অন্যান্য সমস্ত শর্তাবলী অপরিবর্তিত থাকবে

নিলাম হতে চলা সুরক্ষিত পরিসম্পদের বিশদ তথ্য

ক্রম নং	লোন অ্যাকাউন্ট নম্বর/ বিক্রয়কারী প্রতিষ্ঠান	ঋণগ্রহীতা/ সহ–ঋণগ্রহীতা/ জামিনদারের নাম	ট্রাস্টের নাম	১৭.০৮.২০২৬ অনুযায়ী মোট বকেয়া	সংরক্ষণ মূল্য (₹)	বায়না জমা বা ইএমডি (₹)	নিলামের তারিখ ও সময়	দখলের প্রকৃতি
১	১৯৩৭৫৭৮/ এইচডিবি ফিনান্সিয়াল সার্ভিসেস লিমিটেড	মহঃ আমির হুসেন (ঋণগ্রহীতা), আই–টেক ইন্টারন্যাশনাল (সহ–ঋণগ্রহীতা), সাফিনা খাতুন (সহ–ঋণগ্রহীতা	ইএআরসি–ট্রাস্ট–এসসি–৪১০	₹ ৬৬,৩৪,৬৭০.৫৮	₹ ২৬,৫০,০০০.০০	₹ ২,৬৫,০০০.০০	০৪.০৯.২০২৬, দুপুর ১২টা	বাস্তবিক

সম্পত্তির বিবরণ: ব্লক "বি"–তে গ্রাউন্ড ফ্লোরে ৮০ (আশি) স্কোয়ার ফুট খোলা কার পার্কিং এরিয়া সহ ফার্স্ট ফ্লোরে মোজাইক ফ্লোরিং করা ফ্ল্যাট নং আই এ, যার কভার্ড এরিয়ার পরিমাপ ৯৫৭ (নয় পাঁচ সাত) স্কোয়ার ফুট এবং সুপার বিল্টআপ এরিয়া ১১৫০ (এক এক পাঁচ শূন্য) স্কোয়ার ফুট, সাথে ২০ কাঠা পরিমাপের জমিতে অবিভাজ্য অংশ, আর এস খতিয়ান নং ৫–এ রেকর্ডভুক্ত, আর এস প্লট নং ৪৬৯–এর অংশের অন্তর্ভুক্ত, মৌজা– মন্দলাগুড়ি, জে এল নং ১০৭, শিট নং ২, পরগণা– পাথরঘাটা, হোল্ডিং নং ২৪৯৪১১, শিলিগুড়ি মিউনিসিপ্যাল কর্পোরেশন ওয়ার্ড নং XXXXVI–এর অধীনে, পোঃঅঃ এবং থানা– প্রধান নগর, মহকুমা– শিলিগুড়ি, অতিরিক্ত জেলা সাব–রেজিস্ট্রি অফিস শিলিগুড়ি ২ বাগডোগরায় এবং জেলা– দার্জিলিং, পশ্চিমবঙ্গ রাজ্যে অবস্থিত। উত্তর– ২০ ফুট চওড়া রাস্তা; দক্ষিণ– হোটেল সিনক্লেয়ার্স; পূর্ব– নরেশ কুমার ভার্মার জমি; পশ্চিম– হিমালয়ান কংক্রিটর্স প্রাইভেট লিমিটেডের জমি।

নিলাম প্রক্রিয়া সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য:

১.	ইএমডির ডিমান্ড ড্রাফ্‌ট (ডিডি) 'EDELWEISS ASSET RECONSTRUCTION COMPANY LIMITED– EMD ACCOUNT'–এর অনুকূলে ও 'Mumbai'–তে প্রদেয় হতে হবে	
২.	আরটিজিএস–এর মাধ্যমে ইএমডি আদায় দেওয়া যাবে এখানে: **অ্যাকাউন্টের নাম:** 'EDELWEISS ASSET RECONSTRUCTION COMPANY LIMITED– EMD ACCOUNT', **অ্যাকাউন্ট নং:** 000405158602; **ব্যাঙ্কের নাম:** ICICI BANK; **আইএফএসি কোড:** ICIC0000004	
৩.	**ইএমডি জমার শেষ তারিখ**	নিলামের ১ দিন আগে পর্যন্ত জমা নেওয়া হবে
৪.	**বিড জমার স্থান**	১ম ফ্লোর (দ্বিতীয় তল), এডেলওয়েইস হাউস, সিএসটি রোডের ওপর, কলিনা, মুম্বই–৪০০০৯৮
৫.	**নিলামের স্থান (নিলামের ওয়েবসাইট)**	ই–নিলাম (https://auction.edelweissarc.in)
৬.	**যোগাযোগ সম্পর্কিত তথ্য**	কাস্টমার কেয়ার: ১৮০০ ২৬৬ ৬৫৪০
৭.	**সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময়**	আগাম যোগাযোগ সাপেক্ষে

বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক ইএআরসি–র ওয়েবসাইট অর্থাৎ, https://auction.edelweissarc.in–তে দেওয়া লিঙ্ক দেখুন

তারিখ: ১৮.০৮.২০২৬, স্থান: শিলিগুড়ি
স্বাঃ– অনুমোদিত আধিকারিক, এডেলওয়েইস অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি লিমিটেড–এর পক্ষে
Edelweiss Asset Reconstruction

বঁক অফ ইন্ডিয়া Bank of India BOI
Relationship Beyond Banking
হরিশ মুখার্জি রোড শাখা

সংশোধনী

১৫.০৮.২০২৬ তারিখে এই সংবাদপত্রে প্রকাশিত ব্যাঙ্ক অফ ইন্ডিয়া হরিশ মুখার্জি রোড শাখার বকেয়া লকার ভাড়া প্রদানের জন্য নোটিসে যে তারিখ থেকে বকেয়ার কলামে ক্রম নং ৩–তে তারিখ ১৬.০৭.২০২৩ এর পরিবর্তে ভুলক্রমে ১৬.০৭.২০২৬ প্রকাশিত হয়েছে। অনিচ্ছাকৃত ত্রুটির জন্য দুঃখিত।

AXIS BANK

অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড
এসি মার্কেট বিল্ডিং, ৩ নং ফ্লোর, ১, শেক্সপিয়র সরণি, কলকাতা–৭০০০৭১;
ফোন (মোবাইল) : +৯১ ৯৮৩০৫৩৮৪০৯

দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)
[সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(১)–সহ পঠনীয় পরিশিষ্ট IV অনুসারে]

যেহেতু, অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড–এর অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নিম্নলিখিত ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)–এর প্রতি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে ওই বিজ্ঞপ্তিতে উল্লিখিত অর্থাঙ্ক, চুক্তিমাফিক হারে ভবিষ্যতের সুদ, জরিমানা সুদ, চার্জ, মাশুল ইত্যাদি আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল নং ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) নং ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে লেখা তারিখে নিম্নবর্ণিত বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) এবং জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নোক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও প্রকার লেনদেন ওই বিজ্ঞপ্তিতে উল্লিখিত অর্থাঙ্ক, তৎসহ দাবি বিজ্ঞপ্তির তারিখ থেকে চুক্তিমাফিক হারে ভবিষ্যতের সুদ, জরিমানা সুদ, চার্জ, মাশুল ইত্যাদির প্রেক্ষিতে অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড–এর প্রতি দায় সাপেক্ষ হবে।
সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা সম্পর্কে সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

ঋণগ্রহীতা/ জামিনদারের নাম এবং ঠিকানা	ক) নোটিসের তারিখে বকেয়া অর্থাঙ্ক খ) দাবি বিজ্ঞপ্তির তারিখ গ) দখলের (প্রতীকী) তারিখ
১. মিঃ নবকুমার সামন্ত পিতা– অশোক কুমার সামন্ত সকলের নিবাস: বয়াল, নন্দীগ্রাম, পোঃঅঃ– বয়াল, বয়াল পোস্ট অফিসের কাছে, পূর্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ–৭২১৬৫৬	ক) ₹১৭,১৯,২০৭.০৫, লোন অ্যাকাউন্ট নং ৯২৩০৩০৩০০৪৮২০৬–এর প্রেক্ষিতে বকেয়া, ১৫.০২.২০২৬ অনুযায়ী এবং ₹৩২,০২৫.৯০, লোন অ্যাকাউন্ট নং ৯২৩০৩০৩০০৪৮২১৯–এর প্রেক্ষিতে বকেয়া, ১৫.০২.২০২৬ অনুযায়ী খ) ০৭.০৩.২০২৬ গ) ১৪.০৮.২০২৬

সুরক্ষিত পরিসম্পদের বিবরণ

সামান্য কমবেশি ৪.৪৫ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– বয়াল, জে এল নং ১১৭, প্লট নং ১৬৫১, খতিয়ান নং ৪০৫১, এখতিয়ারাধীন থানা– নন্দীগ্রাম, জেলা– পূর্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ–৭২১৬৫৬, তৎসহ এই জমিতে স্থিত যাবতীয় বাড়ি ও কাঠামো।

ঋণগ্রহীতা/ জামিনদারের নাম এবং ঠিকানা	ক) নোটিসের তারিখে বকেয়া অর্থাঙ্ক খ) দাবি বিজ্ঞপ্তির তারিখ গ) দখলের (প্রতীকী) তারিখ
১. মিঃ আসকর মণ্ডল পিতা– সলেমান মণ্ডল সকলের নিবাস: পূর্ব পাড়া, মিরা, কালীগঞ্জ, নদীয়া–৭৪১১৫৬ **বিকল্প ঠিকানা:** মৌজা– উত্তর হাজরাপোতা, প্লট নং ১১৯৫, এল আর খতিয়ান নং ১১৬৮৯, জে এল নং ০৬, নদীয়া–৭৪১১৫৬	ক) ₹১৬,৭৪,৩০৪.৮০, লোন অ্যাকাউন্ট নং ৯২৩০৩০২৭৯১৯৭২২–এর প্রেক্ষিতে বকেয়া, ২৫.১১.২০২৫ অনুযায়ী (এর মধ্যে ০৫.০৫.২০২৫ অবধি সুদ অন্তর্ভুক্ত করা আছে) এবং ₹৩২,৫২৮.৬৫, লোন অ্যাকাউন্ট নং ৯২৩০৩০২৭৯১৯৭৩৫–এর প্রেক্ষিতে বকেয়া, ২৫.১১.২০২৫ অনুযায়ী (এর মধ্যে ০৫.০৫.২০২৫ অবধি সুদ অন্তর্ভুক্ত করা আছে) খ) ২৯.০১.২০২৬ গ) ১৪.০৮.২০২৬

সুরক্ষিত পরিসম্পদের বিবরণ

সামান্য কমবেশি ২.৬৩ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– উত্তর হাজরাপোতা, প্লট নং ১১৯৫, এল আর খতিয়ান নং ১১৬৮৯, জে এল নং ০৬, থানা– কালীগঞ্জ, জেলা– নদীয়া, পশ্চিমবঙ্গ–৭৪১১৫৬, তৎসহ এই জমিতে স্থিত যাবতীয় বাড়ি ও কাঠামো। দলিল অনুযায়ী চৌহদ্দি: উত্তর– পঞ্চায়েত রাস্তা; দক্ষিণ– সাজাত মণ্ডলের সম্পত্তি; পূর্ব– ইসমাইল মণ্ডলের বাড়ি; পশ্চিম– আব্দুল রাজ্জাক শেখ ও অন্যান্যের পুকুর।

ঋণগ্রহীতা/ জামিনদারের নাম এবং ঠিকানা	ক) নোটিসের তারিখে বকেয়া অর্থাঙ্ক খ) দাবি বিজ্ঞপ্তির তারিখ গ) দখলের (প্রতীকী) তারিখ
১. মিসেস বন্দনা দাস স্বামী– অমলেশ দাস **২. মিঃ অমলেশ দাস** পিতা– অতুল প্রসাদ দাস **৩. মিঃ অতু